যুগান্তর

তারিখ: 16 SEP 2017
পৃষ্ঠা: ৩ কলাম: ৮

ঢাবির 'গ' ইউনিট ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

# প্রতি আসনের বিপরীতে প্রার্থী ২৩ জন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'গ' ইউনিটের অধীনে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরের ৫৩টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এবার প্রতি আসনের বিপরীতে অংশ নেন ২৩ জন। গত বছর বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষায় ভয়াবহ জালিয়াতির ঘটনা ঘটলেও এবার কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান যুগান্তরকে বলেন, এবার আমরা শুরু থেকেই অত্যন্ত সতর্ক ছিলাম। ক্যাম্পাসের বাইরের কেন্দ্রগুলোতে 'মেটাল ডিটেক্টর' দিয়ে চেক করে পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ করানো হয়। পাশাপাশি কেন্দ্রগুলোতে কড়া নজরদারি রাখা হয়। পরীক্ষার হলে ক্যালকুলেটর, ঘড়ি, মোবাইল ফোনসহ টেলিযোগাযোগ করা যায় এমন ইলেকট্রনিক ডিভাইস বা যন্ত্র সম্পূর্ণ নিষিদ্ধ ছিল। অনিয়ম প্রতিরোধে সার্বক্ষণিক দায়িত্ব পালন করেন ভ্রাম্যমাণ আদালত। এতে অত্যন্ত

■ পৃষ্ঠা ১৭ : কলাম ৭

# প্রতি আসনের বিপরীতে প্রার্থী ২৩ জন

(৩য় পৃষ্ঠার পর)

সুষ্ঠুভাবে পরীক্ষাটি সম্পন্ন হয়েছে। এদিকে এবারের ভর্তি পরীক্ষায় প্রতিটি প্রশ্নের বিপরীতে চারটি অপশন রাখা হয়। আগে এই ইউনিটে প্রতিটি প্রশ্নের বিপরীতে পাঁচটি করে অপশন রাখা হতো। এ ছাড়া প্রশ্নপত্রের মধ্যেও ছিল কয়েক জায়গায় সমস্যা। কয়েক ভর্তিচ্ছু জানান, তাদের প্রশ্নপত্রে ম্যানেজমেন্ট অংশ ছিল না। পরে অবশ্য তা সংশোধন করে দেয়া হয়েছে। গত বছর এই ইউনিটটির ভর্তি পরীক্ষার প্রশ্নে ১৪টি ভুল ছিল। অন্যদিকে বিশ্ববিদ্যালয়ের ভর্তি ওয়েবসাইটে অন্য চারটি ইউনিটের ভর্তি নির্দেশিকা দেয়া থাকলেও 'গ' ইউনিটের ভর্তি নির্দেশিকা দেয়া হয়নি। তাই এটি নিয়েও রয়েছে ভর্তিচ্ছুদের মধ্যে কিছুটা বিরূপ মনোভাব। এই ইউনিটের সমন্বয়কের দায়িত্বে ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম।

## প্রশাসনের তৎপরতায় পরাস্ত জালিয়াত চক্র

'গ' ইউনিটে ১ হাজার ২৫০টি আসনের বিপরীতে মোট ২৯ হাজার ৩১১ জন ভর্তিচ্ছু পরীক্ষায় অংশগ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, শিবলী রুবাইয়াতুল ইসলাম এবং বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তারা বিজনেস স্টাডিজ অনুষদের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

এদিকে আজ বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিটের অধীনে ১ম বর্ষ বিএফএ সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদসহ ক্যাম্পাসের মোট ১১টি কেন্দ্রে এ পরীক্ষা হবে। 'চ' ইউনিটে ১৩৫টি আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ১৩ হাজার ৪৭২ জন। পরীক্ষার আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (admission.eis.du.ac.bd) থেকে জানা যাবে।